গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
বিভাগীয় কার্যালয়, রংপুর।
www.srdi.rangpur.gov.bd

## মাসিক বিভাগীয় অভ্যন্তরীণ কারিগরি সমন্বয় সভা মার্চ-২০২৬ এর কার্যপত্র

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: আব্দুল হালিম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর। |
| সভার তারিখ ও সময় | : | ২৫/০৩/২০২৬ খ্রি. সকাল: ১০:০০ ঘটিকা |
| সভার স্থান | : | WhatsApp Platform |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার আলোচ্যসূচী অনুযায়ী সভায় অংশগ্রহণকারী সকলকে সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করার জন্য অনুরোধ করেন।

সভায় ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার (এমএসটিএল) খরিপ ২০২৬ মৌসুমের রংপুর বিভাগের জন্য প্রস্তাবিত উপজেলাসমূহ ও টিম গঠন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ তাদের অগ্রগতি সম্পর্কে সভাপতি মহোদয়কে অবহিত করেন।
কর্মকর্তাগণের সুপারিশের ভিত্তিতে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মহদোয় প্রস্তাবিত উপজেলাসমূহ ও টিম গঠন এর প্রস্তাব ইতোমধ্যেই প্রধান কার্যালয় বরাবর পাঠিয়ে দিয়েছেন বলে জানা যায়। প্রস্তাবিত উপজেলাসমূহ হলোঃ

| অফিস | উপজেলা | জেলা |
|---|---|---|
| আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও | বোদা | পঞ্চগড় |
| | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর | বিরল | দিনাজপুর |
| বিভাগীয় কার্যালয়, রংপুর | জলঢাকা | নীলফামারী |
| | পীরগাছা | রংপুর |
| আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট | পাটগ্রাম | লালমনিরহাট |
| | কুড়িগ্রাম সদর | কুড়িগ্রাম |
| আঞ্চলিক কার্যালয়, গাইবান্ধা | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা |

সভায় ২০২৫-২৬ অর্থবছরে জরিপকৃত উপজেলাসমূহের মৃত্তিকা নমুনার চালান এর অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

জনাব, মো: মশিউর রহমান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট জানান, তার কার্যালয়ের অধীন জরিপকৃত লালমনিরহাট সদর ও নাগেশ্বরী উপজেলার সংগৃহীত মৃত্তিকা নমুনার চালান তৈরী করে রাসায়নিক বিশ্লেষণের জন্য রংপুর বিভাগীয় গবেষণাগারে পাঠানো হয়েছে।
অন্যান্য কার্যালয় তাদের মৃত্তিকা নমুনা আগামী এপ্রিল মাসের মধ্যে রাসায়নিক বিশ্লেষণের জন্য পাঠাবে বলে জানান।

সভায় ২০২৫-২৬ অর্থ বছরে মুদ্রণের জন্য নির্ধারিত ইউনিয়ন সহায়িকা ও উপজেলা নির্দেশিকার বিষয়ে আলোচনা করা হয়।
সবগুলো অফিস তাদের ইউনিয়ন সহায়িকার খসড়া প্রতিবেদন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়, রংপুর মহোদয়ের নিকট সম্পাদনার জন্য পাঠিয়েছন বলে জানান।

**উপজেলা নির্দেশিকা মুদ্রণ অগ্রগতি-**
রংপুর সদর- ইডিটিং সম্পন্ন হয়েছে।
তারাগঞ্জ- এপ্রিলের ১৫-২০ তারিখের মধ্যে খসড়া প্রতিবেদন সম্পাদনার জন্য পাঠানো হবে।
সৈয়দপুর- খসড়া প্রতিবেদন প্রস্তুত হয়েছে।
রাজারহাট- ইডিটিং পর্যায়ে আছে।
দিনাজপুর সদর- খসড়া প্রতিবেদন সম্পাদনার জন্য পাঠানো হয়েছে।
ঠাকুরগাঁও সদর- রাসায়নিক বিশ্লেষণের ডাটা পাওয়া গেছে। জনাব, মো: আব্দুল গফুর, বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও ড্রাফটসম্যান বাশারের সহায়তা নিয়ে প্রতিবেদন প্রস্তুতের কাজ করছেন।

সভায় রবি মৌসুমে স্থাপনকৃত সুষম সারের ব্যবহার ভিত্তিক প্রায়গিক ট্রায়াল সমূহের অনুষ্ঠিত মাঠ দিবস বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মাঠ দিবস সফলভাবে সম্পন্ন হয়েছে বলে আঞ্চলিক কার্যালয়ের প্রধানগণ সভাপতি মহোদয়কে অবহিত করেন। গবেষণায় প্রাপ্ত ফলাফল লিখিত আকারে কিভাবে সংরক্ষণ করা যায় এবং প্রতিবেদন আকারে পাঠানো যায় সেই বিষয়েও আলোচনা হয়।

সভায় খরিপ-১, ২০২৬ মৌসুমে স্থাপনকৃত সুষম সারের ব্যবহার ভিত্তিক প্রায়গিক ট্রায়ালসমূহের অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। প্রতিটি অফিস নির্দেশনা মোতাবেক ২টি করে প্রায়গিক ট্রায়াল স্থাপন করেছেন। এগুলো হলো-

| **অফিস** | **উপজেলা** | প্রায়গিক ট্রায়ালের ফসলের জাত |
|---|---|---|
| আঞ্চলিক কার্যালয়, ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সদর | ব্রি ধান ৫৮ |
| | বালিয়াডাঙ্গি | ব্রি ধান ৮৮ |
| আঞ্চলিক কার্যালয়, দিনাজপুর | দিনাজপুর সদর | ব্রি ধান ৮২ |
| | চিরির বন্দর | ব্রি ধান ৮৯ |
| বিভাগীয় কার্যালয়, রংপুর | রংপুর সদর | ব্রি ধান ৮৮ |
| | রংপুর সদর | কৃষিবিদ হাইব্রিড ধান- ১ |
| | মিঠাপুকুর | ব্রাক শক্তি-৩ (বোরো হাইব্রিড ধান) |
| | মিঠাপুকুর | ব্রাক শক্তি-৩ (বোরো হাইব্রিড ধান) |
| আঞ্চলিক কার্যালয়, লালমনিরহাট | নাগেশ্বরী | হাইব্রিড বোরো ধান |
| | লালমনিরহাট সদর | হাইব্রিড ভূট্টা |
| আঞ্চলিক কার্যালয়, গাইবান্ধা | গাইবান্ধা সদর | ব্রি ধান ২৮ |
| | গাইবান্ধা সদর | ব্রি ধান ৮৯ |

এছাড়া সভায় আরএসএস রিপোর্ট সংরক্ষণ বিষয়েও আলোচনা হয়।

**বিস্তারিত আলোচনার পর সর্ব-সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

| **সিদ্ধান্ত সমূহ** | **সিদ্ধান্ত বাস্তবায়নকারী** |
|---|---|
| আসন্ন ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষা গবেষণাগার (এমএসটিএল) খরিপ ২০২৬ মৌসুমের কৃষক প্রশিক্ষণের প্রস্তুতি সকল অফিসকে গ্রহণ করতে হবে। | বিভগীয় কার্যালয় ও আওতাধীন আঞ্চলিক কার্যালয়সমূহ |
| ২০২৫-২৬ অর্থবছরে জরিপকৃত উপজেলাসমূহের মৃত্তিকা নমুনার চালান আগামী এপ্রিল মাসের মধ্যে রাসায়নিক বিশ্লেষণের জন্য গবেষণাগারে প্রেরণ করতে হবে। | |
| ২০২৫-২৬ অর্থবছরে মুদ্রণের জন্য নির্ধারিত অবশিষ্ট উপজেলা নির্দেশিকার খসড়া প্রতিবেদন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মহোদয় এর নিকট সম্পাদনার জন্য এপ্রিল, ২০২৬ খ্রি. এর মধ্যে জমা দিতে হবে। | |
| ২০২৫-২৬ অর্থবছরের খরিপ-১ মৌসুমে স্থাপনকৃত প্রায়োগিক গবেষণা ট্রায়াল প্লটে সাইনবোর্ড স্থাপন করতে হবে। | |
| গবেষণায় প্রাপ্ত ফলাফল লিখিত আকারে নির্দিষ্ট ফরমেটে সংরক্ষণ করতে হবে এবং প্রতিবেদন আকারে নিয়ন্ত্রণকারী অফিসে পাঠাতে হবে। | |
| আরএসএস রিপোর্ট পুণমুদ্রণ করে প্রতিটি অফিস সংরক্ষণ করবে। | |

০৫/০৪/২০২৬

(মো: আব্দুল হালিম)
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা
ফোন ঃ ০২৫৮৮৮১০৬
srdi.rangpur@gmail.com